

রিড

ইউএসএইড এর অর্থায়নে একটি ফ্ল্যাগশিপ প্রোগ্রাম হিসেবে চার বছর মেয়াদী রিড প্রকল্প বাস্তবায়ন করছে সেভ দ্য চিলড্রেন। প্রাথমিক স্তরের প্রারম্ভিক শ্রেণির শিক্ষার্থীদের পঠন দক্ষতা উন্নয়নই রিড প্রকল্পের মূল উদ্দেশ্য। রিড প্রকল্প শিক্ষার্থীদের বাংলা ভাষা পড়তে শেখার পাঁচটি উপাদানের সমন্বিত কার্যকারিতা সুশৃঙ্খলভাবে নিশ্চিত করবে। পড়ার দক্ষতার উপাদানগুলো হলো: ধ্বনিসচেতনতা, বর্ণজ্ঞান, শব্দভাণ্ডার, সাবলীলতা ও বোধগম্যতা। আশা করা যায়, বিদ্যালয় জীবনের শুরুতে পড়ার মজবুত ভিত নিশ্চিত করার মাধ্যমে একই শ্রেণিতে শিশুর পুনরাবৃত্তি এবং প্রাথমিক শিক্ষাস্তরে ঝরে পড়ার হার হ্রাস করা সম্ভব হবে।

পঠন দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

রিড প্রকল্পের বিভিন্ন কর্মকাণ্ডের মধ্যে অন্যতম হচ্ছে পঠন দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) এর সমন্বয়। বিভিন্ন গবেষণার ফলাফলে দেখা যায়, প্রমিত উচ্চারণ শেখা, বোধগম্যতার উন্নয়ন, পড়ার আগ্রহ তৈরি এবং সর্বোপরি পাঠাভ্যাস সৃষ্টিতে আইসিটি কার্যকর ভূমিকা রাখতে সক্ষম। এই কার্যক্রমের আওতায় প্রথম থেকে তৃতীয় শ্রেণির বাংলা বিষয়ের তুলনামূলক কঠিন ও সহজে বোধগম্য নয়, এমন বিষয়বস্তুর ওপর পাঠ পরিচালনায় ব্যবহারোপযোগী ডিজিটাল উপকরণ প্রস্তুত করা হয়েছে।

পাশাপাশি নির্বাচিত সম্পূর্ণ পঠন উপকরণগুলোকেও ডিজিটলাইজড করা হয়েছে। নির্বাচিত ৯০০টি (দুই পর্যায়ে সমান ৪৫০টি করে) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রস্তুতকৃত ডিজিটাল উপকরণ প্রদান করা হয়েছে।

রিড কার্যক্রমের আওতায় প্রণীত ও উন্নয়নকৃত সকল উপকরণের সমন্বয়ে রিড প্রকল্পের ওয়েবসাইটের একটি সাব-ডোমেইন হিসেবে এই রিডিং হাবটি তৈরি করা হয়েছে, যার ওয়েব ঠিকানাঃ ict.readbangladesh.org। অন্যান্য উপকরণের পাশাপাশি পঠন দক্ষতা উন্নয়নে প্রস্তুতকৃত সকল ডিজিটাল উপকরণ এই রিডিং হাবে পাওয়া যাবে। এতে করে রিড প্রকল্পের কর্ম এলাকার বিদ্যালয়গুলো ছাড়াও যে কোন বিদ্যালয়ের শিক্ষক বা শিক্ষার্থীরা এই উপকরণ ব্যবহার করতে পারবে।

পঠন দক্ষতা উন্নয়নে আইসিটি সমন্বয়ের উদ্দেশ্য

- পাঠ্যবইয়ের পঠন সম্পর্কিত বিমূর্ত ও কঠিন বিষয়বস্তুগুলোকে বোধগম্য করে তোলা।
- শিক্ষার্থীদের টেকসই পাঠাভ্যাস তৈরি ও পড়ার আগ্রহ সৃষ্টিতে সহায়তা করা।
- শিক্ষায়, বিশেষ করে পঠন দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কার্যকর সমন্বয়ে শিক্ষকদের সহায়তা করা।
- পাঠ পরিচালনায় প্রযুক্তিগত উপকরণ ব্যবহারের মাধ্যমে প্রত্যাশিত শিখনফলের ফলপ্রসূ অর্জনে সহায়তা করা।
- প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যমান আইসিটি উপকরণকে পঠন দক্ষতা উন্নয়নে কার্যকর ব্যবহারে সহায়তা করা।

বাস্তবায়নকারী সংস্থাসমূহ

জাতীয় পর্যায়ে সুপ্রতিষ্ঠিত ছয়টি বেসরকারি উন্নয়ন সংস্থার মাধ্যমে পঠন দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সমন্বয় বিষয়ক কার্যক্রমের বাস্তবায়ন করা হচ্ছে। এই বেসরকারি সংস্থাগুলো এবং তাদের নির্ধারিত বাস্তবায়ন অঞ্চল নিচে তুলে ধরা হলো:

| ক্র. নং | সংস্থা | বাস্তবায়ন অঞ্চল |
|---------|------------|--------------------------|
| ১ | ভার্ক | ঢাকা বিভাগ |
| ২ | কোডেক | বরিশাল ও চট্টগ্রাম বিভাগ |
| ৩ | জেসিএফ | খুলনা বিভাগ |
| ৪ | এফআইভিডিবি | সিলেট বিভাগ |
| ৫ | আরডিআরএস | রংপুর ও রাজশাহী বিভাগ |
| ৬ | জেডকেএস | খাগড়াছড়ি জেলা |